

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৭০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২০. ফতোয়া প্রদান করা এবং এতে যে কঠোরতা রয়েছে

### بَابُ الْفُتْيَا وَمَا فِيهِ مِنَ الشَّدَّةِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ حَمَّادٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ مُحَمَّدِ بْنِ عُبَيْدِ اللَّهِ الثَّقَفِيِّ، عَنِ الْحَارِثِ بْنِ عَمْرٍو، ابْنِ أَخِي الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ، عَنْ نَاسٍ مِنْ أَهْلِ حِمَصٍ مِنْ أَصْحَابِ مُعَاذٍ عَنْ مُعَاذٍ، رَضِيَ اللَّهُ عَنْهُ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا بَعَثَهُ إِلَى الْيَمَنِ قَالَ: أَرَأَيْتَ إِنْ عَرَضَ لَكَ قِضَاءٌ كَيْفَ تَقْضِي؟ " قَالَ: أَقْضِي بِكِتَابِ اللَّهِ، قَالَ: «فَإِنْ لَمْ يَكُنْ فِي كِتَابِ اللَّهِ؟». قَالَ: فَبِسُنَّةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. قَالَ: " فَإِنْ لَمْ يَكُنْ فِي سُنَّةِ رَسُولِ اللَّهِ؟. قَالَ: أَجْتَهِدُ رَأْيِي وَلَا آلُو. قَالَ: فَضَرْبَ صَدْرِهِ ثُمَّ قَالَ: «الْحَمْدُ لِلَّهِ الَّذِي وَفَّقَ رَسُولَ رَسُولِ اللَّهِ لِمَا يُرْضِي رَسُولَ اللَّهِ

إِسْنَادُهُ ضَعِيفٌ لَانْقِطَاعِهِ

বাংলা

১৭০. মু'আয রাঈয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন তাকে ইয়ামানে পাঠান, তখন বলেন: তোমার নিকট বিচার-বিসম্বাদ উত্থাপিত হলে তুমি কিভাবে তার বিচার-ফয়সালা করবে? মু'আয বললেন, আমি আল্লাহর কিতাব অনুসারে ফায়সালা করব। তিনি বললেন, 'তা যদি আল্লাহর কিতাবে না থাকে?' তখন তিনি বললেন, তাহলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সুন্নাহ অনুযায়ী ফায়সালা করব। তিনি আবার জিজ্ঞেস করলেন, 'যদি তা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সুন্নাহতেও না থাকে?' তিনি জবাবে বললেন, তাহলে আমি আপন মতামতের ভিত্তিতে ইজতিহাদ করব, আমি অবহেলা করব না। তখন নবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার বুক চাপড় মেরে বললেন, সেই আল্লাহর জন্যই সমস্ত প্রশংসা যিনি রাসূলুল্লাহ'র দূতকে এমন বিষয়ে তাওফীক দিয়েছেন, যা রাসূলুল্লাহকে সন্তুষ্ট করেছে।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যযীফ, কেননা এতে ‘ইনকিহা’ বা বিচ্ছিন্নতা রয়েছে। তিরমিযী বলেন, ‘এ হাদীসটি এ সনদে ছাড়া অপর সনদে জানতে পারিনি, আর আমার নিকট এর সনদ ‘মুত্তাসিল’ (অবিচ্ছিন্ন) নয়।’ এছাড়া জাওয়াকানী (আবাতীল ওয়াল মানাকীর, ১/১০৬) বলেন, এ হাদীস বাতিল।

তাখরীজ: তায়ালিসী ১/২৮৬ নং ১৪৫২; ইবনু আবী শাইবা ১০/১৭৭ নং ৯১৪৯; আহমদ ৫/২৩০, ২৩৬, ২৪২; আবু দাউদ ৩৫৯৩; তিরমিযী ১৩২৮;

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69481>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন